বিশ্ববাজারে চালের দাম হ্রাস পাচ্ছে

written by Chandradip News24 | October 28, 2024

চন্দ্রদ্বীপ ডেস্ক :: বিশ্বের বৃহত্তম চাল রপ্তানিকারক দেশ ভারত সম্প্রতি সেদ্ধ চালের ওপর থেকে রপ্তানি শুল্ক প্রত্যাহারের ঘোষণা দেওয়ার পর বিশ্ববাজারে চালের দাম কমতে শুরু করেছে। খবর প্রকাশ করেছে নিক্কেই এশিয়া।

প্রতিবেদন অনুযায়ী, গত সপ্তাহে থাইল্যান্ডের চাল রপ্তানির গড় মূল্য টনপ্রতি ৫২৯ ডলারে নেমে এসেছে, যা আগের মাসের তুলনায় ৮ শতাংশ কম। চলতি বছরের জানুয়ারিতে থাই চালের রপ্তানিমূল্য ১৫ বছরের মধ্যে সর্বোচ্চ পর্যায়ে পৌঁছেছিল, তবে এখন তা ২১ শতাংশ কমেছে। একইসঙ্গে, ভারতের ৫ শতাংশ খুদযুক্ত সেদ্ধ চালের দাম গত সপ্তাহে টনপ্রতি ৪৫০ থেকে ৪৮৪ ডলারের মধ্যে ছিল, যা গত বছরের আগস্টের পর থেকে সর্বনিম্ন।

ভিয়েতনাম ফুড অ্যাসোসিয়েশনের তথ্য অনুযায়ী, গত সপ্তাহে ভিয়েতনামে চালের দাম জুলাইয়ের পর সর্বনিম্ন পর্যায়ে নেমেছে। সেখানে ৫ শতাংশ খুদযুক্ত চালের দাম টনপ্রতি ৫৩২ ডলারে বিক্রি হয়েছে, যা আগের সপ্তাহে ৫৩৭ ডলার ছিল।

গত বছরের জুলাইয়ে অভ্যন্তরীণ বাজারে চালের সরবরাহ ঠিক রাখতে এবং দাম নিয়ন্ত্রণের উদ্দেশ্যে ভারত চাল রপ্তানিতে নিষেধাজ্ঞা আরোপ করেছিল, যার ফলস্বরূপ গত এক বছরে চালের দাম ৩০ শতাংশের বেশি বেড়ে যায়।

জাপানের আন্তর্জাতিক কৃষি বিজ্ঞান গবেষণা কেন্দ্রের গবেষক মাইইউকি আইয়ামা বলেন, বৈশ্বিক চালের বাজারে ভারতের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

২০২২-২৩ অর্থবছরে ভারত ২০.২৫ মিলিয়ন টন চাল রপ্তানি করেছে, যা বৈশ্বিক চাহিদার ৩৭ শতাংশ। এরপরেই স্থান রয়েছে থাইল্যান্ড ও ভিয়েতনামের।